

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৭১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নফল সালাত-এর বিবরণ - বিতর সালাতের বিধান

আরবী

وَعَنْ جَابِرٍ _ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ قَامَ فِي شَهْرِ رَمَضَانَ, ثُمَّ انْتَظَرُوهُ مِنَ [ص: 110] الْقَابِلَةِ فَلَمَّا يَخْرُجْ, وَقَالَ: «إِنِّي خَشِيتُ أَنْ يُكْتَبَ عَلَيْكُمْ الْوِتْرُ». رَوَاهُ ابْنُ حِبَّانَ

ضعيف بهذا اللفظ. رواه ابن حبان (2409)

বাংলা

৩৭১. জাবির বিন 'আবদিল্লাহ (রাঃ) থেকে বর্ণিত যে, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমযানে কিয়াম বা রাতের সালাত জামা'আত করে (তিন দিন পর পর) সম্পাদন করলেন। তারপর পরবর্তী রাতে লোকেরা তাঁর অপেক্ষায় থাকলেন; কিন্তু তিনি আর মসজিদে এলেন না। তিনি বললেন-আমি রাতের এ (তারাবীহসহ) বিতর সালাত তোমাদের উপর ফরয হয়ে যাবার আশঙ্কা করছি।[1]

ফুটনোট

[1] এ শব্দে হাদীসটি যঈফ। ইবনু হিব্বান ২৪০৯

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন